**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 09.06.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসাবে আজ শপথ নেবেন নরেন্দ্র মোদী। দেশ বিদেশের বহু বিশিষ্ট নেতা উপস্থিত থাকবেন শপথ গ্রহণ অনুষ্ঠানে।

রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা করার প্রস্তাব দিয়েছে কংগ্রেসের বর্ধিত কার্যনির্বাহী সমিতি।

২) কেন্দ্রের এনডিএ সরকার বেশিদিন স্থায়ী হবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন।

৩) রাজ্যে অব্যাহত ভোট পরবর্তী হিংসা। দলীয় কর্মীদের পাশে থাকার বার্তা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর।

হিংসার অভিযোগ খারিজ মন্ত্রী ফিরহাদ হাকিমের।

৪) বাংলাদেশের সাংসদ খুনের ঘটনায় অন্যতম অভিযুক্ত সিয়াম হোসেইনের ১৪ দিনের সিআইডি হেফাজত।

৫) পশ্চিমের জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা আবহাওয়া দপ্তরের।

---

কেন্দ্রে এনডিএ সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি চলেছে জোরকদমে। শীর্ষ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ সন্ধ্যা ৭ টা ১৫ মিনিটে টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন। রাষ্ট্রপতি ভবনে তাঁকে শপথবাক্য পাঠ করাবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন প্রতিবেশী দেশগুলির নেতৃবৃন্দ। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরাও অনুষ্ঠানে যোগ দেবেন।

-------------------

আকাশবাণী প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদি এবং অন্যান্য মন্ত্রীদের শপথ গ্রহণ সরাসরি সম্প্রচার করবে। সন্ধ্যা ৬ টা বেজে ৪৫ মিনিট থেকে এফএম গোল্ড, ইন্দ্রপ্রস্থ এবং আকাশবাণী লাইভ নিউজ 24 ইনটু 7 চ্যানেলে শপথ গ্রহণ অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণী এআইআর এবং আকাশবাণীর ইউটিউব চ্যানেলগুলিতেও অনুষ্ঠান সরাসরি সম্প্রচারিত হবে। আমেদাবাদ, ব্যাঙ্গালুরু, চেন্নাই, কটক, গুয়াহাটি, হায়দ্রাবাদ, ইম্ফল, কলকাতা, মুম্বাই এবং তিরুবনন্তপুরমের স্টেশনগুলি থেকেও আঞ্চলিক ভাষায় শপথ গ্রহণ সরাসরি সম্প্রচারিত হবে। শোনা যাবে সমস্ত মূল চ্যানেল গুলিতে।

প্রধানমন্ত্রীর শপথগ্রহণের বাংলা ভাষ্য শেষ হওয়ার পর গীতাঞ্জলী প্রচার তরঙ্গে শোনা যাবে স্থানীয় সংবাদ।

-------------------

এদিকে, কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা করার প্রস্তাব পেশ হল কংগ্রেস এর বর্ধিত কার্য্যনির্বাহী সমিতির বৈঠকে। সমিতির সদস্যারা সর্বসম্মতিক্রমে আজ রাহুলকে লোকসভার বিরোধী দলনেতা নিয়োগ করার প্রস্তাব দেন। লোকসভা নির্বাচনে সাফল্য ও পরবর্তী পদক্ষেপ পর্যালচনা করতে আজ নতুন দিল্লীতে কার্য্যনির্বাহী সমিতির বৈঠক বসে। উপস্থিত ছিলেন দলের সভাপতি মল্লিকার্জুন খাড়্গে,

সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী, দলের সাধারন সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী ভাদরা প্রমুখ। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও বৈঠকে যোগ দেন। পরে এক সাংবাদিক সম্মেলনে দলের নেতা কে সি বেণুগোপাল, দল রাহুল গান্ধীকে লোকসভায় বিরোধী দলনেতার পদ নেওয়ার জন্য অনুরোধ জানিয়েছে বলে উল্লেখ করেন।

বাইট

--------------------

কেন্দ্রে এনডিএ সরকার বেশিদিন স্থায়ী হবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। গতকাল কালীঘাটে দলের জয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মমতা বলেন, কেন্দ্রের সরকারের কাছে এনআরসি এবং সিএএ বাতিলের দাবি জানাবে দল। পাশাপাশি অভিন্ন দেওয়ানি বিধিরও যথাসম্ভব বিরোধিতা করা হবে বলে তিনি জানান। রাজ্যের বকেয়া দাবি দাওয়া নিয়ে নবনির্বাচিত সাংসদদের সরব হওয়ার নির্দেশ দেন তৃণমূল প্রধান।

বাইট

এক্সিট পোলের নামে শেয়ার বাজার থেকে কোটি কোটি টাকা কিভাবে উড়ে গেল, তা তদন্ত করে দেখা উচিত বলেও তিনি দাবি জানিয়েছেন।

কয়েকটি আসনে দলকে জোর করে হারানো হয়েছে বলে অভিযোগ তুললেও বিপুল ভোটে দলকে জয়ী করার জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী।

গতকালের বৈঠকে ইন্ডি জোটে থেকে আগামী দিনে দলের ভূমিকা কি হবে, সে বিষয়ে আলোচনা হয়েছে। হেরে যাওয়া আসনগুলি নিয়েও বৈঠকে আলোচনা হয়েছে।

সংসদীয় দলের চেয়ারপার্সন নির্বাচিত হয়েছেন মমতা ব্যানার্জী নিজে। ঠিক হয়েছে, আগের মতই সুদীপ বন্দ্যোপাধ্যায় লোকসভায় দলের নেতা থাকবেন। ডেপুটি লিডার হচ্ছেন কাকলি ঘোষ দস্তিদার। কল্যাণ বন্দ্যোপাধ্যায় লোকসভায় দলের মুখ্য সচেতকের দায়িত্বভার পালন করবেন।

রাজ্যসভায় দলনেতার দায়িত্বে থাকছেন ডেরেক ওব্রায়েন। ডেপুটি লিডার সাগরিকা ঘোষ এবং মুখ্য সচেতকের দায়িত্বভার পালন করবেন নাদিমুল হক।

--------------------

লোকসভা ভোটের ফলাফল পর্যালোচনায় গতকাল বৈঠকে বসে সিপিআইএমের রাজ্য সম্পাদকমণ্ডলী। তবে এখনই কোন দিশানির্দেশ থাকছে না বলে সূত্রের খবর। জানা গিয়েছে, জুনের ১৯-২০ তারিখ সিপিআইএমের রাজ্য কমিটির বৈঠক বসবে। ওই বৈঠকের আগে আরও এক বার বৈঠকে বসবে রাজ্য সম্পাদকমণ্ডলী।

--------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসা অব্যাহত।

বাঁকুড়ার পাত্রসায়ের ও কোতুলপুরের পর বিষ্ণুপুর লোকসভা এলাকার শালতোড়ায় ভোট এক বিজেপি কর্মীকে দলীয় কার্যালয়ে নিয়ে গিয়ে ব্যপক মারধোরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। অভিযোগ তৃণমূলের শালতোড়া অঞ্চল সভাপতির বিরুদ্ধে। অভিজিত পাত্র নামে ঐ বিজেপি কর্মীকে বিষ্ণুপুর সুপার স্পেশ্যালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। যদিও বিজেপির আনা অভিযোগ অস্বীকার করেছেন অভিযুক্ত শালতোড়া অঞ্চল সভাপতি সহ বিষ্ণুপুর সাংগঠনিক জেলা তৃণমূল নেতৃত্ব।

রাজনৈতিক সন্ত্রাসের অভিযোগ উঠেছে দক্ষিণ দিনাজপুর জেলাতেও। গঙ্গারামপুর থানার নয়াবাজার এলাকায় গতকাল বিজেপি কর্মীদের বাড়ি ও দোকান ভাঙচুর করা হয়। মারধর করা হয় বিজেপি কর্মীদের। অভিযোগ উঠছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে।

--------------------

রাজ্যে ভোট পরবর্তী সন্ত্রাসের শিকার দলীয় কর্মীদের পাশে থাকার বার্তা দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল ভোটের আগে নন্দীগ্রামে খুন হওয়া বিজেপি সমর্থক রথীবালা আড়ির পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে ন্যায়বিচারের দাবি জানান তিনি। শুভেন্দুবাবু বলেন, পুলিশের মদতে তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীরা সন্ত্রাস চালাচ্ছে।

বাইট

--------------------

রাজ্যের বিভিন্ন জায়গায় বিরোধী কর্মী সমর্থকদের ওপর শাসকদলের হামলার অভিযোগ খারিজ করেছেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, দল কোনোভাবেই এর সঙ্গে জড়িত নয়। ব্যক্তিগত রোষের কারণে এধরনের ঘটনা হয়ে থাকতে পারে বলে মন্তব্য করেন তিনি।

বাইট

--------------------

বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিম খুনের ঘটনায় অন্যতম অভিযুক্ত সিয়াম হোসেইন-কে নিজেদের হেফাজতে নিয়েছে সিআইডি। নেপাল থেকে গ্রেপ্তারের পর তাকে এরাজ্যে নিয়ে আসা হয়। গতকাল বারাসাত আদালতে তোলা হলে ১৪ দিনের সিআইডি হেফাজতের নির্দেশ দেন বিচারক।

উল্লেখ্য, ঘটনার পর নেপালে পালিয়ে যায় সিয়াম।

--------------------

নিউটাউনে রেস্তোঁরা মালিককে মারধরের ঘটনায় তৃণমূল কংগ্রেস বিধায়ক অভিনেতা সোহম চট্টোপাধ্যায় ভুল স্বীকার করেছেন। মুহূর্তের উত্তেজনায় ঐ ঘটনায় ঘটে বলে তিনি উল্লেখ করেন। রেস্তোঁরার মালিক, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামে উল্টোপাল্টা কথা বলেন বলেও সোহমের দাবি।

উল্লেখ্য, ঐ ঘটনায় রেস্তোঁরা মালিক সোহম ও তার দেহরক্ষীর বিরুদ্ধে টেকনো সিটি থানায় অভিযোগ দায়ের করেন। পাল্টা অভিযোগ দায়ের করেছেন বিধায়ক অভিনেতা সোহমও।

এই ঘটনা প্রসঙ্গে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী কলাকাতর মেয়র ফিরহাদ হাকিম বলেন, নিশ্চিতভাবেই সোহম মারধর করে অন্যায় করেছে। তার আরও ঠান্ডা মাথায় বিষয়টি মোকাবিলা করা উচিত ছিল বলেও উল্লেখ করেন তিনি।

--------------------

শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় শিয়ালদা মেন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। আগামীকাল দুপুর ২ টো পর্যন্ত বন্ধ থাকবে এই পাঁচটি প্ল্যাটফর্ম। এর জেরে চরম দুর্ভোগে পড়েছেন যাত্রীরা।

রেলের অনুরোধে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম, আগামীকাল পর্যন্ত বিশেষ বাস পরিষেবা দিচ্ছে। ব্যারাকপুর স্টেশন থেকে টিটাগড়, খড়দা, পানিহাটী, রথতলা হয়ে ডানলপ এবং দমদম সেন্ট্রাল জেল থেকে, নাগের বাজার, শ্যামনগর, লেকটাউন ক্রসিং, পাতিপুকুর হয়ে বেলগাছিয়া মেট্রো স্টেশন পর্যন্ত এই বাস পরিষেবা পাওয়া যাচ্ছে।

--------------------

বাংলাদেশে ঈদ উপলক্ষে নিউ জলপাইগুড়ি-ঢাকা-নিউ জলপাইগুড়ি মিতালি এক্সপ্রেস বাতিল করে দেওয়া হয়েছে। ১২, ১৬ এবং ১৯ শে জুন নিউ জলপাইগুড়ি-ঢাকা এবং ১৩, ১৭ এবং বিশে জুন ঢাকা থেকে নিউ জলপাইগুড়ি ট্রেনটি চলাচল করবে না। ঈদ উৎসবের পরে স্বাভাবিক পরিষেবা চালু হবে বলে জানিয়েছে উত্তর পূর্ব সীমান্ত রেল।

--------------------

রাজ্য শিশু সুরক্ষা দিবস উপলক্ষ্যে রাজ্য শিশু সুরক্ষা কমিশন ও মেট্রো রেলের যৌথ উদ্যোগে শিশুদের নিয়ে হুগলি নদীর তলা দিয়ে গতকাল এক জয় রাইডের আয়োজন করা হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা ৭৪ টি শিশুকে নিয়ে মেট্রোতে এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দান ও একই রুটে ফিরিয়ে আনা হয় বলে মেট্রোর তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

--------------------

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বেশিরভাগ জেলাতেই তাপমাত্রা ৪০ ডিগ্রি পেরোতে পারে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, দুই মেদিনীপুর ও দুই ২৪ পরগণাতে আগামী বুধবার পর্যন্ত ঘর্মাক্ত ও অস্বস্তিকর গরম পরিস্থিতি থাকার সম্ভাবনা। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানালেন,

বাইট

-------------------- --------------------